

আল-ওয়াকিয়া | Al-Waqi'a | الْوَاقِعَةُ

আয়াতঃ ৫৬ : ৩৬

আরবি মূল আয়াত:

فَجَعَلْنَهُنَّ أَبْكَارًا ﴿٣٦﴾

অনুবাদসমূহ:

অতঃপর তাদেরকে বানাব কুমারী, — আল-বায়ান

আর তাদেরকে করেছি কুমারী, — তাইসিরুল

তাদেরকে করেছি কুমারী, — মুজিবুর রহমান

And made them virgins, — Sahih International

৩৬. অতঃপর তাদেরকে করেছি কুমারী(১),

(১) ابْكَارٌ শব্দটি بَكَرَ এর বহুবচন। অর্থ কুমারী বালিকা। [আইসারুত-তাফসীর] উদ্দেশ্য এই যে, জান্নাতের নারীদেরকে কুমারী করে সৃষ্টি করা হয়েছে। তাদেরকে কেউ কখনো স্পর্শ করেনি। অথবা তাদেরকে এমনভাবে সৃষ্টি করা হবে যে, প্রত্যেক সঙ্গম-সহবাসের পর তারা আবার কুমারী হয়ে যাবে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৩৬) তাদেরকে করেছি কুমারী। [1]

[1] اُنْشَأْنَاهُنَّ এর মধ্যে সর্বনাম যদিও নিকটের কোন বিশেষ্যকে জ্ঞাপন করছে না, তবুও আলোচনার প্রাসঙ্গিকতা এটা প্রমাণ করছে যে, এ থেকে উদ্দেশ্য হল সেই নারী ও হুরগণ, যা জান্নাতবাসীরা লাভ করবে। জান্নাতী হুরগণ সাধারণ জন্ম পদ্ধতির মাধ্যমে জন্ম লাভকারিণী নয়, বরং মহান আল্লাহ জান্নাতে তাদেরকে তাঁর বিশেষ কুদরতে বিশেষ পদ্ধতিতে সৃষ্টি করেছেন। আর হুর ছাড়া পার্থিব স্ত্রীগণকেও জান্নাতবাসীরা স্ত্রী হিসাবে পাবে। এদের মধ্যে বৃদ্ধা, কালো ও কুশী যে যাই হবে, সবাইকে মহান আল্লাহ জান্নাতে যৌবন ও রূপ-লাবণ্য দানে ধন্য করবেন। না কোন বৃদ্ধা বৃদ্ধা থাকবে, আর না কোন কুশী কুশী থাকবে। বরং সবাই হবে কুমারী এবং অনিন্দ্য সুন্দরী।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5015>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন